গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

## প্রজ্ঞাপন

নং-২৯.০০.০০০০.২২৩.০১৮.০৫.১৭ (অংশ-১)-১৪০ তারিখঃ ২২/০৬/২০২১খ্রিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক গঠিত পার্বত্য চট্টগ্রাম বিষয়ক জাতীয় কমিটি ও পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির মধ্যে ২ ডিসেম্বর ১৯৯৭ তারিখে সম্পাদিত চুক্তি অনুযায়ী ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স কমিটিতে তিন পার্বত্য জেলা প্রশাসক ও তিন পার্বত্য জেলার সার্কেল চিফগণকে এবং টাস্কফোর্স কমিটির সদস্য জনাব এস এম শফির স্থলে এডভোকেট জনাব মহিউদ্দিন কবীরকে অন্তর্ভুক্তপূর্বক নিম্নরূপভাবে কমিটি পুনর্গঠন করলেনঃ

| | | |
|---|---|---|
| (ক) | জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা, এম.পি | চেয়ারম্যান (প্রতিমন্ত্রী পদমর্যাদা) |
| (খ) | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি | সদস্য |
| (গ) | খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান/প্রতিনিধি | সদস্য |
| (ঘ) | রাংগামাটি পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান/প্রতিনিধি | সদস্য |
| (ঙ) | বান্দরবান পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান/প্রতিনিধি | সদস্য |
| (চ) | জেলা প্রশাসক, রাংগামাটি পার্বত্য জেলা | সদস্য |
| (ছ) | জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা | সদস্য |
| (জ) | জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা | সদস্য |
| (ঝ) | চাকমা সার্কেল চিফ, রাংগামাটি | সদস্য |
| (ঞ) | মং সার্কেল চিফ, খাগড়াছড়ি | সদস্য |
| (ট) | বোমাং সার্কেল চিফ, বান্দরবান | সদস্য |
| (ঠ) | ২৪ পদাতিক ডিভিশনের একজন প্রতিনিধি | সদস্য |
| (ড) | পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির একজন প্রতিনিধি | সদস্য |
| (ঢ) | ভারত প্রত্যাগত শরণার্থীদের একজন প্রতিনিধি | সদস্য |
| (ণ) | এডভোকেট মহিউদ্দিন কবীর, পিতা-মৃত শাহজাহান কবীর | সদস্য |
| (ত) | বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম। | সদস্য-সচিব |

২। টাস্কফোর্সের কার্যপরিধি নিম্নরূপঃ

১। প্রত্যাগত শরণার্থী পুনর্বাসনঃ

(ক) বাংলাদেশী উপজাতীয় শরণার্থীদের প্রদেয় ২০(বিশ) দফা প্যাকেজ সুযোগসুবিধা যথাযথভাবে দ্রুত বাস্তবায়নে দিকনির্দেশনা ও সহায়তা করার লক্ষ্যে সময়ে সময়ে সরকারের নিকট সুপারিশ পেশ করার পাশাপাশি স্থানীয় কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সরকারের তরফ হতে পরামর্শ ও নির্দেশনা প্রদান এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক জাতীয় কমিটি ও পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির মধ্যে সম্পাদিত চুক্তি অনুযায়ী উদ্বাস্তুদের পুনর্বাসন নিশ্চিতকরণ;

(খ) পুনর্বাসন প্রক্রিয়ায় সকল সংশ্লিষ্ট সরকারি বিভাগ ও কর্তৃপক্ষের কর্মতৎপরতা সমন্বয় রক্ষার্থে পরামর্শ ও সহযোগিতা প্রদান;

(গ) প্রত্যাগত শরণার্থীদের যেসব স্থানে (নিজের বসত বাটিসহ) পুনর্বাসন করা হয়েছে সরেজমিনে সেসব স্থান পরিদর্শন এবং স্থানীয়ভাবে উদ্ভূত সমস্যাদির (যদি থাকে) সমাধানকল্পে প্রয়োজনীয় পরামর্শ/প্রস্তাব বাস্তবায়নের জন্য স্থানীয় প্রশাসনসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ এবং

(ঘ) শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন কার্যক্রম এবং অন্যান্য প্রাসংগিক বিষয়াদি পর্যবেক্ষণ করে প্রয়োজনবোধে এ বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান।

চলমান পাতা-২

২। অভ্যন্তরীণ উদ্বাস্তু পুনর্বাসনঃ

(ক) তিন পার্বত্য জেলায় অভ্যন্তরীণ উদ্বাস্তুদের নির্দিষ্টকরণ এবং পুনর্বাসনের জন্য সরকারের নিকট প্রয়োজনীয় সুপারিশ পেশ এবং সরকারের সিদ্ধান্ত অনুযায়ী পুনর্বাসন কর্মসূচি বাস্তবায়নের সহায়তা প্রদান ও বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ ;

(খ) অভ্যন্তরীণ উদ্বাস্তু পুনর্বাসন প্রক্রিয়ায় সংশ্লিষ্ট সকল সরকারি বিভাগ ও কর্তৃপক্ষের কর্মতৎপরতার সমন্বয় সাধন এবং পরামর্শ ও সহযোগিতা প্রদান;

(গ) অভ্যন্তরীণ উদ্বাস্তু পুনর্বাসন সংক্রান্ত সমস্যাদি স্থানীয়ভাবে সমাধানকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং প্রয়োজনবোধে এ বিষয়ে সরকারের নিকট সুপারিশ প্রদান;

৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম টাস্কফোর্সকে সাচিবিক সহায়তা প্রদান করবেন।

৪। সকল মন্ত্রণালয়/বিভাগ এবং এদের অধীনস্থ সকল অধিদপ্তর/সংস্থাসমূহ টাস্কফোর্সের উপর অর্পিত দায়িত্ব পালনে সহায়তা প্রদান করবে এবং টাস্কফোর্সের পরামর্শ, সিদ্ধান্ত প্রতিপালনের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

৫। টাস্কফোর্সের কর্মপরিধি হবে পার্বত্য তিনটি জেলা এবং এর কার্যালয় হতে খাগড়াছড়ি পার্বত্য জেলা সদর।

৬। পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় টাস্কফোর্সকে প্রয়োজনীয় সাহায্য সহযোগিতা প্রদানসহ এ সংক্রান্ত ব্যয় বহন করবে।

৭। পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ২৭-০৮-২০০৯ তারিখের পাচবিম (সম-১)-০৯/৯৯(অংশ-১)-৩১৫ নম্বর প্রজ্ঞাপন অনুযায়ী গঠিত টাস্কফোর্স এ প্রজ্ঞাপন প্রকাশের সংগে সংগে বিলুপ্ত বলে গণ্য হবে।

৮। পুনর্গঠিত টাস্কফোর্স অবিলম্বে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

24/06/2021

(আশীষ কুমার সাহা)
উপসচিব
ফোন: ৯৫৪৫০০৮

নং-২৯.০০.০০০০.২২৩.০১৮.০৫.১৭ (অংশ-১)-১৪০ তারিখঃ ২২/০৬/২০২১খ্রিঃ

**কার্যার্থে ও জ্ঞাতার্থে** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও ঢাকা।
৩। সিনিয়র সচিব/সচিব-------------------------------------------------------
৪। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৫। জি ও সি, ২৪ পদাতিক ডিভিশন, চট্টগ্রাম সেনানিবাস, চট্টগ্রাম।
৬। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, পিলখানা, ঢাকা।
৭। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
৮। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
৯। চেয়ারম্যান, রাংগামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
১০। জেলা প্রশাসক, রাংগামাটি /খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা।
১১। প্রধান নির্বাহী কর্মকর্তা, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ি।
১২। পুলিশ সুপার, রাংগামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা।
১৩। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (উপরোক্ত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য এবং প্রকাশিত গেজেটের ৫০ (পঞ্চাশ) কপি এ মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১৪। চাকমা সার্কেল চিফ, রাংগামাটি/মং সার্কেল চিফ, খাগড়াছড়ি/বোমাং সার্কেল চিফ, বান্দরবান পার্বত্য জেলা।

চলমান পাতা-৩

১৫। চিফ হুইপের একান্ত সচিব, জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।

১৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৭। মাননীয় আহবায়ক এর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম চুক্তি বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ ভবন , শেরে বাংলা নগর, ঢাকা।

১৮। চেয়ারম্যান এর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাংগামাটি পার্বত্য জেলা।

১৯। চেয়ারম্যান এর একান্ত সচিব, ভারত প্রত্যাগত টাস্কফোর্স, খাগড়াছড়ি।

২০। চেয়ারম্যান এর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাংগামাটি।

২১। চেয়ারম্যান এর একান্ত সচিব, পার্বত্য জেলা পরিষদ, রাংগামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা।

২২। সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৩। সভাপতি, পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতি, রাংগামাটি পার্বত্য জেলা।

২৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, রাংগামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা।

২৫। জনাব এডভোকেট মহিউদ্দিন কবীর, পিতা-মৃত শাহজাহান কবীর, থানা ও উপজেলা- খাগড়াছড়ি সদর, জেলা-খাগড়াছড়ি।

২৬। অফিস কপি।

22/06/2022

(তাছলিমা খাতুন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৬৯৮